যুগান্তর
20 OCT 2008

# ৪ ডিসেম্বরের মধ্যে স্কুল পরীক্ষা শেষ করার নির্দেশ

যুগান্তর রিপোর্ট

সরকারি-বেসরকারি সারাদেশের সব স্কুল-কলেজ ও মাদ্রাসায় ২০০৮ সালের শিক্ষা কার্যক্রম ও জুনিয়র বৃত্তিসহ সব পরীক্ষা আগামী ৪ ডিসেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ দেয়া হয়েছে। আসন্ন জাতীয় সংসদ ও উপজেলা পরিষদ নির্বাচনের ভোট কেন্দ্র স্থাপন, নির্বাচনী কাজে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ ও ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার স্বার্থে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

শিক্ষা ও বাণিজ্য উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে রোববার মন্ত্রণালয়ের সভাকক্ষে ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুল-কলেজ

পরীক্ষা : পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## পরীক্ষা : সারাদেশে

(১ম পৃষ্ঠার পর)

ও মাদ্রাসা প্রধানদের সঙ্গে এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মোঃ মোজাম্মেল হক খান, যুগ্ম সচিবরা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক, ঢাকা শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদ্বয় উপস্থিত ছিলেন।

সরকারি নির্দেশনায় বলা হয়, ঢাকা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ক্লাস সকাল ৭টা থেকে সাড়ে ৮টার মধ্যে শুরু করতে হবে। এছাড়া সভায় মহানগরীর যানজট সমস্যার সমাধানের লক্ষ্যে ঢাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলো জোনে ভাগ করে স্থানীয়ভাবে সমাধানের ওপর জোর দেয়া হয়। এ ক্ষেত্রে নির্ধারিত সড়কগুলোকে নির্দিষ্ট সময়ের জন্য একমুখী করা, পাশাপাশি প্রতিষ্ঠানগুলোর ক্লাস শুরু ও ছুটির সময় সমন্বয় করা ও প্রতিষ্ঠানভিত্তিক নিজস্ব ট্রাফিক ব্যবস্থা গড়ে তোলাসহ বিভিন্ন বিষয় বিবেচনা করা হবে। সভায় শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের যাতায়াতের জন্য প্রাতিষ্ঠানিক ও পাবলিক বাস ব্যবহারে সবাইকে উদ্বুদ্ধ করার আহ্বান জানানো হয়।